

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ১৫, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪
প্রজ্ঞাপন

তারিখ: ৩০ চৈত্র ১৪২০ বঙ্গাব্দ/১৩ এপ্রিল ২০১৪ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৫৯-আইন/২০১৪।—শিশু আইন, ২০১৩ (২০১৩ সনের ২৪নং আইন),
অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ১৬ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে,
উপ-ধারা (১) এর উদ্দেশ্যপূরণকল্পে, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সহিত
পরামর্শক্রমে, নিম্নে উল্লিখিত আদালতকে শিশু-আদালত হিসাবে নির্ধারণ করিল, যথাঃ—

(১) প্রত্যেক জেলার অতিরিক্ত দায়রা জজ আদালতঃ

তবে শর্ত থাকে যে, কোন জেলায় একাধিক অতিরিক্ত দায়রা জজ আদালত বিদ্যমান থাকিলে
উক্ত জেলার অতিরিক্ত দায়রা জজ ১ম আদালতঃ

আরো শর্ত থাকে যে, অতিরিক্ত দায়রা জজ ১ম আদালত বিদ্যমান না থাকিলে উক্ত জেলার
অতিরিক্ত দায়রা জজ ২য় আদালতঃ

আরো শর্ত থাকে যে, অতিরিক্ত দায়রা জজ ১ম এবং ২য় আদালত বিদ্যমান না থাকিলে
অতিরিক্ত দায়রা জজ ৩য় আদালতঃ

(২) মেট্রোপলিটন এলাকার জন্য অতিরিক্ত মহানগর দায়রা জজ ১ম আদালত।

(১২৮১৩)

মূল্য : টাকা ৪.০০

২। উক্ত আইনের ধারা ১৬ এর উপ-ধারা (২) এর শর্তাংশের বিধান মোতাবেক কোন জেলায় অতিরিক্ত দায়রা জজ না থাকিলে উক্ত জেলার জেলা ও দায়রা জজ তাহার নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে শিশু-আদালতের দায়িত্ব পালন করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ শাহীন উদ্দিন
সিনিয়র সহকারী সচিব।